



## কোষ্ট শিক্ষা প্রজেক্ট দুর্যোগকালীন সময়ের প্রস্তুতি উপলক্ষ্যে শিক্ষকদের

জন্মে প্রশিক্ষণের আয়োজন করেছে। দুই পর্বের এই প্রশিক্ষণের প্রথম পর্ব অনুষ্ঠিত হয় ইউরোক অফিসে। কোভিড-১৯ এর কারণে ২ দিনে অনুষ্ঠিত হয় প্রথম পর্ব। প্রথম দিন ক্যাম্প ১, ২, ৮, ১১ এবং ১৯ এর ৪১ জন শিক্ষক এবং ৩ জন প্রোগ্রাম অর্গানাইজার অংশগ্রহণ করেন। দ্বিতীয় দিন ক্যাম্প ১৪, ১৫ এবং ১৬ এর ৩৪ জন শিক্ষক এবং ৩ পিও অংশগ্রহণ করেন। সকাল ১০ টা থেকে শুরু হওয়া দিনব্যাপী এই প্রশিক্ষণ শেষ হয় বিকাল ৫টায়।

কোষ্ট ইউরোক টিম লিডার রেজাউল করিম প্রশিক্ষণ উদ্বোধন করার মাধ্যমে দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়। উদ্বোধনী ভাষণে তিনি বলেন- কক্সবাজার দুর্যোগ প্রবণ এলাকা। দুর্যোগকালীন সময়ে করণীয় কি করতে হবে না জানলে অনেক বড় ক্ষতি হয়ে যেতে পারে। তাই আপনাদের প্রশিক্ষণের জ্ঞান কাজে লাগাতে হবে।

প্রশিক্ষণের প্রথম অধিবেশনে প্রশিক্ষক হিসেবে ছিলেন প্রজেক্ট ব্যবস্থাপক জাসিম উদ্দিন এবং টেকনিক্যাল অফিসার জাবেদুল ইসলাম। প্রশিক্ষণার্থীরা দলে বিভক্ত হয়ে প্লান তৈরি করেন। দুপুরের খাবার শেষে প্রতি বিভাগ তাদের প্লান উপস্থাপন করেন। সর্বশেষ প্রজেক্ট ম্যানেজার জাসিম উদ্দিন মোল্লার বক্তব্যের মাধ্যমে প্রশিক্ষণ শেষ হয়।

দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয় ক্যাম্পে। এতে অংশ গ্রহণ করেন ৮০ জন বার্মিজ শিক্ষক। টেকনিক্যাল অফিসার এবং প্রোগ্রাম অফিসাররা তাদের প্রশিক্ষণ প্রদান করেন। দ্বিতীয় পর্বে বার্মিজ শিক্ষকরা ক্যাম্পে আসার পর বিভিন্ন দুর্যোগে তাদের অভিজ্ঞতা এবং এইসব দুর্যোগ তারা কিভাবে মোকাবেলা করেন তা বর্ণনাদেন।



টেকনিক্যাল অফিসার জাবেদুল ইসলাম দুর্যোগ ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করছেন। ছবি: মিনার(মনিটারিং)

লার্নিং সেন্টার গুলো আপনাদের সম্পদ, এইসব আপনাদের রক্ষা করতে হবে: ক্যাম্প ইনচার্জ



ওরিয়েন্টেশনে উপস্থিত ক্যাম্প ইনচার্জ এবং ধর্মীয় নেতা। আলোচনা করছেন প্রজেক্ট ব্যবস্থাপক জাসিম উদ্দিন মোল্লা। ছবি: মিজান(পিও)

রোহিঙ্গা শিশুদের শিক্ষা, লার্নিং সেন্টার সুরক্ষা, মন্ত্রণ ও লার্নিং সেন্টারের সময় সম্পর্কে ধারণা প্রদান এবং কোভিড-১৯ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার জন্যে রোহিঙ্গা ধর্মী নেতাদের নিয়ে ক্যাম্প-১৫ তে সচেতনতা মূলক ওরিয়েন্টেশন সম্পূর্ণ করেছে কোষ্ট শিক্ষা প্রকল্প।

কোষ্ট শিক্ষা প্রকল্পের লার্নিং সেন্টার সুরক্ষা, মন্ত্রণ ও লার্নিং সেন্টারের সময় সম্পর্কে ধারণা প্রদান এবং কোভিড-১৯ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার জন্যে রোহিঙ্গা ধর্মী নেতাদের নিয়ে ক্যাম্প-১৫ তে সচেতনতা মূলক ওরিয়েন্টেশন সম্পূর্ণ করেছে কোষ্ট শিক্ষা প্রকল্প।

রুক ই-১১ এর ইমাম মো: শামশুল আলম মতামত জানাতে গিয়ে বলেন- 'মহামারি থেকে বাঁচতে অনেক হাদিস রয়েছে। আমরা জুমার খোতবায় এই সব বিষয়ে আলোচনা করি। আজকের আলোচনায় আরও বেশি গুরুত্ব বুঝেছি।'

বি-৪ এর ধর্মী নেতা হুসাইন আহমেদ বলেন 'আমাদের সন্তানদের ধর্মীয় শিক্ষার পাশাপাশি সাধারণ শিক্ষাও গ্রহণ করতে হবে। তা হলে আমরা আমাদের দুঃখের কথা সারা বিশ্বের মানুষের কাছে পৌঁছে দিতে পারব।

২৪ সেপ্টেম্বর বৃহস্পতিবার ক্যাম্প-১৫ এ ক্যাম্প ইনচার্জের হল রুমে এবং প্রোটো লার্নিং সেন্টারে এই ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশন পরিচালনা করেন টেকনিক্যাল অফিসার আজহার রিয়াজ এবং মনিটারিং অফিসার শাহেদুল কবির মিনার।

## গণিত কী বিবর্তন ২০২০

i ve	†mvg	g½j	ey	en: 1/=vd ugiUs	i Tæ 2	kuib 3/ikýK cðýY
4/ikýK cðýY	5/ikýK cðýY	6/ikýK cðýY	7/ikýK cðýY	8	9	10/Bgig cðýY
11/Bgig cðýY	12/ikýK ugiUs	13/ikýK ugiUs	14/ikýK ugiUs	15/Gj imGgim	16	17/Gj imGgim
18/AirffieK cð	19/AirffieK cð	20/AirffieK cð	21/AirffieK cð	22/	23	24/emgR ikýK cð
25/Gj imGgim	26/Gj imGgim	27/Gj imGgim	28	29	30	31